50

দৈনিক ইত্তেফাক

তারিখ 11 JUL 1998
পৃষ্ঠা ৩ কলাম ৩

# বঙ্গবন্ধু ৩৭ সহস্রাধিক প্রাথমিক বিদ্যালয় সরকারীকরণ করিয়াছিলেন

……………… তোফায়েল আহমদ

ইত্তেফাক রিপোর্ট ॥ গত বৃহস্পতিবার 'জাতীয় সংসদের বেসরকারী দিবসে নওগাঁর শামসুল আলম প্রামানিকের দেশের সকল রেজিষ্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়কে অবিলম্বে জাতীয়করণ করা হউক'—এই সিদ্ধান্ত প্রস্তাবের উপর শিক্ষামন্ত্রীর অনুপস্থিতিতে শিল্প ও বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমদ বলেন, জাতির জনক বঙ্গবন্ধু স্বাধীনতা পর যুদ্ধ-বিধ্বস্ত দেশে শূন্য তহবিল লইয়া যাত্রা শুরু করিলেও সেদিন ৩৭ হাজার ৭১০ টি প্রাথমিক বিদ্যা-

( ৯ম পৃঃ দ্রঃ )

## তোফায়েল আহমদ

( ৩য় পৃঃ পর )

লয়কে সরকারীকরণ করিয়াছিলেন, শিক্ষকদের সরকারী কর্মচারীর মর্যাদা দিয়া সম্মানজনক বেতন ধার্য করিয়া দেন। বর্তমান প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার সরকার ও রেজিষ্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন বৃদ্ধি করিয়াছেন। বর্তমান সরকারই তাহাদের স্কেল-এর অন্তভুক্ত করিয়াছেন এবং তাহারা ব্যাংকের মাধ্যমে বেতন পাইতেছেন। ২০০৬ সালে দেশকে নিরক্ষরমুক্ত করার লক্ষ্য নির্ধারণ করিয়া গঠিত 'জাতীয় শিক্ষানীতি কমিটি'-তেও রেজিষ্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের বিষয় আছে। রিপোর্ট ইতিমধ্যেই তৈয়ার হইয়াছে এবং সংসদে পেশ করা হইবে। প্রধানমন্ত্রী বিরোধী-দলীয় নেত্রী থাকাকালে মাধ্যমিক শিক্ষকদের অনশনের সময় তাহাদের দেখিতে যান, দুইজন শিক্ষক সেদিন মারা গিয়াছিলেন। প্রধানমন্ত্রী সেই মাধ্যমিক শিক্ষকদেরও নুতন স্কেল দিয়াছেন।

প্রস্তাব উত্থাপনকারীর সমালোচনার জবাবে তোফায়েল আহমদ বলেন, বঙ্গবন্ধু একটি যুদ্ধবিধ্বস্ত দেশে শিক্ষকদের জন্য এতকিছু করিলেন, বঙ্গবন্ধু কন্যা আজ বেতন বৃদ্ধি করিলেন, ৭৫-এর পর একুশ বছর আমরা ক্ষমতায় ছিলাম না এবং একুশ বছর জিয়া, এরশাদ এবং খালেদা জিয়া ক্ষমতায় ছিলেন, কি করিয়াছেন তাহারা? কি জবাব দিবেন? প্রস্তাবটি পরে কণ্ঠভোটে নাকচ হইয়া যায়।